

# ড্যাশ

নির্মল বসাক



ইদানিং গড়িয়াহাটের মোড়ে একটা '---' গজিয়েছে। '---' বুঝলেনতো --- 'ড্যাশ'। এই '---' এর ওপর দিয়ে ২/৩টেমাতি উত্তর থেকে দক্ষিণে যায় ৩/৪ এ্যাম্বা দক্ষিণ দিক থেকে উত্তর দিকে আসে। আর বাকী সব একইরকম; ট্রাম,বাস, গাড়িটাড়ি, লোকজন, ছেলেমানুষ, মেয়েয়ামুষ...সব আগের মতো। যানজটও --- কারণ, পূর্ব -- পশ্চিম আর উত্তর -- দক্ষিণের পারাপার আগের মতো পুলিশের হাতেই আছে। মাঝখান থেকে ওয়েল -- গড়িয়ার বা হাওড়ারট্রাম এদিকে একেবারে ভ্যানিস...

এই '---' এ, যে কোন নামই বসিয়ে দিতে পারবেন ভদ্রমহোদয় / মহোদয়ারা...। '---' রা, '---' মারার জন্য কতো রকম ধান্দাই না করছে ! আমার একটি নিবেদন, ওটির নিচে যে জায়গাটি ছিল, ওখানে একটা গোল চত্বর বানিয়ে, বয়-কাট ছাঁটের মতন ঘাসের বাগানে আর মধ্যিখানে সাগর জলে চান সেরে ওঠা ভেনাস মূর্তির ফোয়ারা ছোটানো যেতে না ! আপনিই বলুন, শো -দেখানোর মেয়েরা, হিড়িক মারার ছেলেরা... বলুন, বলুন...

সেই যানজট এড়াতে আমরা ছোট করে দিচ্ছি, বিবেকানন্দের প্যানোরামা। চলাচলের জন্য প্রণম্যদের কাট-ছাট, একটা চিরকেলে ব্যাপার, বুঝলেন। ওদিকে আবার মন্দির। মন্দিরের পর মন্দির -- তা থাক, ওদের মাথার ওপর দিয়েই আরো একটা বা কয়েকটা '---' বানানো হবে। বাপের জমিদারী পেয়েছো '---' রা! এই ড্যাশের মধ্যে আপনাদের পছন্দমতো শব্দ বসিয়ে নিতে পারেন মহোদয়/ মহোদয়ারা ;তাতে কারো কিছু আটকাবে না, শুধু যানজট ছাড়া....



সৃষ্টিসন্ধান

Phone: 98302 43310
email: editor@srishtisandhan.com